বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৭০৭ -এ, তারিখ : ০৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১২১৪১/২০১৪ এর ১২/০৩/২০১৫ ইং তারিখের রায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য আপীল বিভাগের Civil Petition for Leave to Appeal নং ৫৮৯/২০১৮ এর ০৫/০৮/২০১৮ ইং তারিখের রায়/আদেশ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য আপীল বিভাগের Civil Review Petition নং ২৪৬/২০১৯ এর ১৭/০২/২০২২ ইং তারিখের রায়/আদেশের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স.ও.ব্য-৫ শাখার বিগত ১৯/০৪/২০২২ ইং তারিখের ০৫.০০.০০০০.১৫৪.০৪.০২৪.১৯.৫৯ নং স্মারকে এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৫ এর ১৯/০৮/২০২৫ ইং তারিখের ০৭.০০.০০০০.০০০.১৬৫.১০.০০০৩.২৫.৭১ নং স্মারক এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা এর ০৭/০৯/২০২৫ ইং তারিখের ১০.০০.০০০০.১২৬.০৪.০৭১.১৭.৯২ নং স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের "Petitioners and others holding Equivalent post " অর্থাৎ সহকারী বেঞ্চ অফিসার পদটি রায়ের তারিখ ১২/০৩/২০১৫ ইং হতে জাতীয় বেতন স্কেল ২০১৫ কার্যকর হওয়ার পূর্বদিন পর্যন্ত অর্থাৎ ৩০/০৬/২০১৫ ইং তারিখ পর্যন্ত সময়ের জন্য উক্ত পদটিকে জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী ৮ম গ্রেডে (১২,০০০-২১,৬০০/-) টাকায় (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০-৫৫,৪৭০/-) উন্নীত করে প্রথম শ্রেণীর পদমর্যাদা ও প্রথম শ্রেণীর পদের সকল বকেয়া বেতন-ভাতাদি ও সুযোগ সুবিধা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, ২০১৫ সালের ১লা জুলাই হতে বেতন স্কেল ২০১৫ কার্যকর হওয়ায় এবং উক্ত বেতন স্কেলে প্রথম শ্রেণীর, ২য় শ্রেণীর পদমর্যাদার ভিত্তিক বিষয়টি বাতিল করায় উক্ত পদধারীগণকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০-৫৫,৪৭০/-) উন্নীত করণসহ সকল বকেয়া বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদান এবং সহকারী বেঞ্চ অফিসার পদ থেকে সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতির সুযোগ প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, রীট পিটিশন মামলা নং-১২১৪১/২০১৪ এর রায় অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সহকারী বেঞ্চ অফিসার পদটি রায়ের তারিখ ১২/০৩/২০১৫ ইং হতে ৩০/০৬/২০১৫ ইং তারিখ পর্যন্ত সময়ের জন্য উক্ত পদটিকে জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী ৮ম গ্রেডে (১২,০০০-২১,৬০০/-) টাকায় (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০-৫৫,৪৭০/-) উন্নীত করে প্রথম শ্রেণীর পদমর্যাদা ও প্রথম শ্রেণীর পদের সকল বকেয়া বেতন-ভাতাদি ও সুযোগ সুবিধা প্রদান করা হলো। উল্লেখ্য যে, ২০১৫ সালের ১লা জুলাই হতে বেতন স্কেল ২০১৫ কার্যকর হওয়ায় এবং উক্ত বেতন স্কেলে প্রথম শ্রেণীর, ২য় শ্রেণীর পদমর্যাদার বিষয়টি বাতিল করায় উক্ত পদটিকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০-৫৫,৪৭০/-) উন্নীত করণসহ রায়ের তারিখ ১২/০৩/২০১৫ ইং হতে সকল বকেয়া বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদান এবং সহকারী বেঞ্চ অফিসার পদ থেকে সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতির সুযোগ প্রদান করা হলো।

০৩। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

আদেশক্রমে
স্বা/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

স্মারক নং- ১২১১৭(১৫) -এ, তারিখ : ০৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সিনিয়র সচিব, সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ-অতিরিক্ত সচিব, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৫]।
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।
৭. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।
৮. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।
৯. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. অতিরিক্ত রেজিস্ট্রার ......................................................., হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১২. ডেপুটি রেজিস্ট্রার ......................................................., হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (বিষয়টি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ এর ১০০ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণ করার অনুরোধসহ)।
১৪. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।
১৫. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৬. সহকারী রেজিস্ট্রার ......................................................., হাইকোর্ট বিভাগ; বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১৭. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং- ৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৯. সহকারী বেঞ্চ অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)
২০. হিসাব শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২১. অফিস কপি।

22/12/25
(এ, এইচ, এম তোয়াহা)
অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ২২৩৩৮১৮৬৫